

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫২১০

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (১৯৯১)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

اَلْفَصِيْلُ التَّالِثُ

আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «اتَّقُوا الْحَرَامَ فِي الْبُنْيَانِ فَإِنَّهُ أَسَاسُ الْخَرَابِ» . رَوَاهُمَا الْبَيْهَقِيُّ فِي «شُعَبِ الْإِيمَان»

اسناده ضعیف ، رواه البیهقی فی شعب الایمان (10722 ، نسخہ محققۃ : 10237) * فیہ معاویۃ بن یحیی الصدفی ضعیف و علل أخرى ۔ (ضَعِیف)

বাংলা

৫২১০-[৫৬] ইবনু উমার (রাঃ) হতে বর্ণিত। নাবী (সা.) বলেছেন: তোমরা ঘর-বাড়ি তৈরির মধ্যে হারাম মাল লাগানো হতে বেঁচে থাকো। কেননা তা হলো ধ্বংসের মূল। (হাদীস দুটি ইমাম বায়হাকী তাঁর "শুআবুল ঈমানে" বর্ণনা করেছেন)

ফুটনোট

যঈফ: সানাদ য'ঈফ কারণ, সানাদে মু'আবিয়াহ্ ইবনু ইয়াহইয়া আস্ সয়রাফী, ইমাম যাহাবী তাকে য'ঈফ বলেছেন, পাশাপাশি হাদীসটির সানাদে ইনকিত্বা আছে তা হলো হাসান ইবনু উমার থেকে বর্ণনা করেছেন কিন্তু মাঝে নাফি আছে। য'ঈফাহ্ ১৬৯৯, শুআবুল ঈমান ১০৭২২, যঈফুল জামি ১১২৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা : বাড়ী ঘর নির্মাণে হারাম থেকে আত্মরক্ষার অর্থ হলো হারাম মাল বা অর্থ দ্বারা বাড়ীঘর নির্মাণ থেকে বেঁচে



থাকা। জামি' গ্রন্থে বলা হয়েছে: (اتَّقُوا الْحَرَامُ) অর্থাৎ হারাম পাথর বা ইট দ্বারা বাড়ীঘর নির্মাণ থেকে বেঁচে থাক। কেননা এটা দুনিয়াবী ধ্বংসের মূল ভিত্তি।

হাদীসের বাণী : (فَإِنَّهُ أَسَاسُ الْخَرَابِ) "নিশ্চয় তা ধ্বংসের মূলভিত্তি"- এ কথার ব্যাখ্যা দিতে গিয়ে কেউ কেউ বলেছেন, এর অর্থ মূলত দীন ধ্বংসের কারণ। অতএব হালাল পথে দুনিয়ার গৃহাদি নির্মাণের মাধ্যমে তার দীনের ভিত্তি সুপ্রতিষ্ঠিত করতে হবে এবং হারাম থেকে বাঁচতে হবে।

(মিক্লাতুল মাফাতীহ; লু'আহ্ আহ্ তানকীহ ৮ম খণ্ড, ৪৪০-৪১ পূ.)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন